নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পদ্মা পানি শোধনাগার

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.০০০.৭১.১৭৩.২৩** নথির বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে “Construction of R.C.C Demarcation Pillar for indicating PWTP transmission main pipeline location at different points” কাজের ব্যয় অনুমোদন প্রদান প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: **পদ্মা পানি শোধনাগারের অধীনে “Construction of R.C.C Demarcation Pillar for indicating PWTP transmission main pipeline location at different points” কাজের ব্যয় অনুমোদন প্রদান প্রসংগে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৮/১০/২৩ ৭:৩৪ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগারে পরিশোধিত পানি দীর্ঘ প্রায় ৩৩ (তেত্রিশ) কিলোমিটার ট্রান্সমিশন পাইপ লাইনের মাধ্যমে ঢাকা শহরে সরবরাহ করা হয়। এই পাইপ লাইনের এলাইনমেন্ট ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের প্রান্ত বরাবর শ্রীনগর বাইপাস ও কুচিয়ামোড়া ফ্লাইওভার এলাকায় রোড ক্রসিং, শ্রীনগর ফেরিঘাট ও নিমতলা খালে ক্যানেল ক্রসিং, ধলেশ্বরী ও বুড়িগঙ্গা নদীর তলদেশ দিয়ে রিভার ক্রসিং এবং ঝিলমিল আবাসিক এলাকার প্রধান সড়কের প্রান্ত দিয়ে মিটফোর্ড হাসপাতাল কম্পাউন্ডের ইঞ্জেকশন পয়েন্টে ঢাকা শহরে পৌঁছেছে। পাইপ লাইন চিহ্নিত করার জন্য প্রকল্প বাস্তবায়নকারী ঠিকাদার CAMCE কর্তৃক ৫'-০" উচ্চতার ডিমার্কেশন পিলার স্থাপন করা হয়েছিল; যা দীর্ঘদিন ধরে এক্সপ্রেসওয়ের উন্নয়ন এবং সংলগ্ন এলাকায় ভূমি উন্নয়ন ও স্থাপনা নির্মাণের ফলে হারিয়ে গিয়েছে। কয়েকটি স্থানে কিছু সংখ্যক ডিমার্কেশন পিলার থাকলেও তা প্রয়োজনের তূলনায় অপ্রতুল। পাইপলাইনের নিরাপত্তা নিশ্চিতকল্পে Booster pumping station (BPS) হতে ধলেশ্বরী নদী পর্যন্ত ডিমার্কেশন পিলার স্থাপন করা অত্যাবশ্যক।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৮/১০/২৩ ৭:৫৩ অপরাহ্ন

পাইপ লাইন সংরক্ষণের নিমিত্তে পানি শোধনাগার হতে দামলা প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ঢাকা ওয়াসা রোডের উভয় পাশে নির্মিত স্থায়ী ডিমার্কেশন পিলারের জন্য অনুমোদিত নির্মাণ নক্সা অনুসরণ করা যেতে পারে (ক্রমিক নং-১ দ্রষ্টব্য)। উল্লেখ্য, কাজ শেষে রেকর্ড সংরক্ষণের জন্য পি অ্যান্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগের মাধ্যমে অ্যাজ-বিল্ট নক্সা প্রণয়ন করা যেতে পারে। অনুমোদিত নক্সা অনুযায়ী পরস্পর হতে ৫০ মিটার দূরত্বে ২৮টি পিলার নির্মাণের জন্য ক্যালকুলেশন শিট ও প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ২ ও ৩ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ টা৯,৯৯,৬১৪.৪০১/- (টাকা নয় লক্ষ নিরানব্বই হাজার ছয়শত চৌদ্দ দশমিক চার শূন্য এক)। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ১৪৫ প্যাকেজ APP/23-24/W/14 পিপিআর-২০০৮ এর বিধি-৬৩ অনুযায়ী (LTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অর্ন্তভুক্ত আছে (ক্রমিক নং-৪ দ্রষ্টব্য)।

সংযুক্তিসমূহ (৪):

১। Drawing.pdf
২। Calculation.pdf
৩। Esitamte.pdf
৪। APP copy.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৮/১০/২৩ ৭:৫৪ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে ২০০০ মি.লি ব্যাসের ট্রান্সমিশন পাইপ লাইনের নিরাপত্তা নিশ্চিতকল্পে "Construction of R.C.C Demarcation Pillar for indicating PWTP transmission main pipeline location at different points" কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬৩ অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি (LTM e-GP) তে দরপত্র আহবানের অনুমোদন।

খ) উপস্থাপিত ৳৯,৯৯,৬১৪.৪০১/= (টাকা নয় লক্ষ নিরানব্বই হাজার ছয়শত চৌদ্দ দশামিক চার শূন্য এক) টাকার প্রাক্কলন আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয় পদ্মা পানি শোধনাগার এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ১৪৫ প্যাকেজ নং APP/23-24/W/14 এবং বাজেট বরাদ্দের Boundary Wall খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী এই ব্যয় অনুমোদন ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও এন্ড এম) মহোদয়ের এখতিয়ারভুক্ত।

১৮/১০/২৩ ৮:০১ অপরাহ্ন
মোঃ রায়হান চৌধুরী মামুন
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

১৯/১০/২৩ ১:৪৫ অপরাহ্ন
মোহাম্মদ সোহেল রানা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পদ্মা পানি শোধনাগার

২৫/১০/২৩ ৯:৫৮ পূর্বাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

~~২৫/১০/২৩ ৯:৫৮ পূর্বাহ্ন~~
~~মির্জা গোলাম কিবরিয়া~~
~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~
~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/১০/২৩ ১১:০৯ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

২৫/১০/২৩ ১১:১০ পূর্বাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

২৫/১০/২৩ ৬:১৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~২৫/১০/২৩ ৬:১৬ অপরাহ্ন~~
~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~
~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)~~
~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)~~
~~এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৭/১০/২৩ ১২:১২ অপরাহ্ন

Approved.

২৭/১০/২৩ ১২:১৩ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
এর দপ্তর

২৯/১০/২৩ ৪:১৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~২৯/১০/২৩ ৪:১৬ অপরাহ্ন~~
~~গাজী আসরিব বিন সালাম~~
~~নির্বাহী প্রকৌশলী~~
~~পদ্মা পানি শোধনাগার~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৩০/১০/২৩ ১২:৫২ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের প্রেক্ষিতে e-GP তে দরপত্র আহবানের ব্যাবস্থা নিল।দরপত্র কার্যক্রম শেষে নথিটি নিষ্পত্তির ব্যাবস্থা নিন।



৩০/১০/২৩ ১২:৫৩ পূর্বাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



৪/১১/২৩ ৭:০৩ অপরাহ্ন
মাহমুদ রিয়াদ
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



২০/১১/২৩ ৩:৪৬ অপরাহ্ন
মোঃ রায়হান চৌধুরী মামুন
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার